
# যৌতুক নিরোধ আইন

(২০১৮ সনের ৩৯ নং আইন)

সর্বশেষ সংশোধনী এবং উচ্চতর আদালতের সিদ্ধান্তসহ




মোঃ শফিকুর রহমান
জেলা ও দায়রা জজ (অব.)

রহিম ল' বুক হাউস

# যৌতুক নিরোধ আইন, ২০১৮

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ১২
২। সংজ্ঞা ১২
৩। যৌতুক দাবি করিবার দণ্ড ১৩
৪। যৌতুক প্রদান বা গ্রহণ, ইত্যাদির দণ্ড ১৩
৫। যৌতুক সংক্রান্ত চুক্তি ফলবিহীন ১৩
৬। মিথ্যা মামলা দায়ের, ইত্যাদির দণ্ড ১৩
৭। অপরাধের আমলযোগ্যতা, জামিনঅযোগ্যতা, ইত্যাদি ১৪
৮। অপরাধের বিচার, ইত্যাদি ১৪
৯। বিধি প্রণয়ন ক্ষমতা ১৪
১০। রহিতকরণ ও হেফাজত ১৪
১১। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ ১৪

## যৌতুকের জন্য মৃত্যু ঘটানো, ইত্যাদির শাস্তি

ধারা-১১ যৌতুকের জন্য মৃত্যু ঘটানো, ইত্যাদির শাস্তি ১৫
**11. Punishment for Causing Death for Dowry, etc.**

উক্ত ধারার আলোকে সিদ্ধান্তসমূহ দেয়া হলো ১৬-৩৭

# যৌতুক নিরোধ আইন, ১৯৮০

ধারা-১। সংক্ষিপ্ত শিরোনাম এবং বলবৎ হওয়ার তারিখ ৩৮
ধারা-২। সংজ্ঞা ৩৮
ধারা-৩। যৌতুক আদান-প্রদানের জন্য শাস্তি ৪০
ধারা-৪। যৌতুক দাবির শাস্তি ৪০
ধারা-৫। যৌতুক আদান বা প্রদানের চুক্তি বাতিল হইবে ৪১
ধারা-৬। ১৯৮৪ সনের ৬৪ নং অধ্যাদেশ দ্বারা বাতিল করা হইয়াছে। ৪১

ধারা-৭। অপরাধের আমলযোগ্যতা ৪১

ধারা-৮। বিধি প্রণয়নের ক্ষমতা ৪২


## THE DOWRY PROHIBITION ACT, 1980


1. Short title and commencement. 43

2. Definition. 43

3. Penalty for giving or taking dowry 44

4. Penalty for demanding dowry 45

5. Agreement for giving or taking dowry to be void 45

7. Cognizance of offences 45

8. Offence to be non cognizable, etc. 46

9. Power to make rules 46

যৌতুকের জন্য মারপিট করিয়া স্ত্রীকে হত্যা করিবার জন্য এজাহার প্রসঙ্গে ৪৭


## বিভিন্ন পত্রিকার খবর


যৌতুকের পরিচয় ৫০

মিথ্যা যৌতুক মামলায় পুরুষদের জন্য সুসংবাদ ৫২

আসুন জেনে নেই 'যৌতুক নিরোধ আইন, ২০১৮' এর অনুমোদন ৫২

সামাজিক ব্যাধি ৫৩

বর যৌতুকের টাকা গুনতে না পারায় বিয়ে ভাঙল কনে ৫৭

যৌতুকের লোভে পুরুষ সেজে বিয়ে! ৫৯

যৌতুক" বাংলাদেশের নারীদের একটি বড় সমস্যা ৬১

যৌতুক নেওয়া হারাম ৬৪

বাংলা পিডিয়া ৬৮

যৌতুক সম্পর্কে ইসলামী বিধান ৭২

ইসলামে যৌতুকের কোনো স্থান নেই ৭৫


## নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০


১। সংক্ষিপ্ত শিরোনামা ৭৭

২। সংজ্ঞা ৭৭

৩। আইনের প্রাধান্য ৭৮

৪। দহনকারী, ইত্যাদি পদার্থ দ্বারা সংঘটিত অপরাধের শাস্তি ৭৮

৫। বাতিলকৃত [ ***] ৭৯

৬। বাতিলকৃত [ ***] ৭৯
৭। নারী ও শিশু অপহরণের শাস্তি ৭৯
৮। মুক্তিপণ আদায়ের শাস্তি ৭৯
৯। ধর্ষণ, ধর্ষণজনিত কারণে মৃত্যু, ইত্যাদির শাস্তি। ৭৯
৯ক। নারীর আত্মহত্যায় প্ররোচনা, ইত্যাদির শাস্তি। ৮১
১০। যৌন পীড়ন, ইত্যাদির দণ্ড ৮১
১১। যৌতুকের জন্য মৃত্যু ঘটানো, ইত্যাদির শাস্তি ৮১
১২। ভিক্ষাবৃত্তি, ইত্যাদির উদ্দেশ্যে শিশুকে অঙ্গহানি করার শাস্তি। ৮২
১৩। ধর্ষণের ফলশ্রুতিতে জন্মলাভকারী শিশু সংক্রান্ত বিধান ৮২
১৪। সংবাদ মাধ্যমে নির্যাতিতা নারী ও শিশুর পরিচয় প্রকাশের ব্যাপারে বাধা-নিষেধ ৮৩
১৫। ভবিষ্যৎ সম্পত্তি হইতে অর্থদণ্ড আদায় ৮৩
১৬। অর্থদণ্ড বা ক্ষতিপূরণ আদায়ের পদ্ধতি ৮৩
১৭। মিথ্যা মামলা, অভিযোগ দায়ের ইত্যাদির শাস্তি ৮৩
১৮। অপরাধের তদন্ত ৮৪
১৯। অপরাধ বিচারার্থ গ্রহণ, ইত্যাদি ৮৬
২০। বিচার পদ্ধতি ৮৭
২১। আসামীর অনুপস্থিতিতে বিচার ৮৮
২২। ম্যাজিস্ট্রেট কর্তৃক যে কোন স্থানে জবানবন্দি গ্রহণের ক্ষমতা ৮৮
২৩। রাসায়নিক পরীক্ষক, রক্ত পরীক্ষক, ইত্যাদির সাক্ষ্য ৮৯
২৪। সাক্ষীর উপস্থিতি ৮৯
২৫। ফৌজদারী কার্যবিধির প্রয়োগ, ইত্যাদি ৯০
২৬। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ৯০
২৭। ট্রাইব্যুনালের এখতিয়ার ৯১
২৮ আপীল। ৯২
২৯। মৃত্যুদণ্ড অনুমোদন ৯২
৩০। অপরাধে প্ররোচনা বা সহায়তার শাস্তি ৯২
৩১। নিরাপত্তামূলক হেফাজত ৯৩
৩১ক। ট্রাইব্যুনাল, ইত্যাদির জবাবদিহিতা ৯৩
৩২। অপরাধের শিকার ব্যক্তির মেডিক্যাল পরীক্ষা ৯৩

৩৩। বিধি প্রণয়নের ক্ষমতা ৯৪
৩৪। ১৯৯৫ সনের ১৮ নং আইনের রহিতকরণ ও হেফাজত ৯৪

## পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

ধারা ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ৯৫
ধারা ২। সংজ্ঞা ৯৫

### দ্বিতীয় অধ্যায়

### পারিবারিক সহিংসতা

ধারা ৩। পারিবারিক সহিংসতা ৯৭

### তৃতীয় অধ্যায়

### পুলিশ অফিসার, প্রয়োগকারী কর্মকর্তা এবং সেবা প্রদানকারীর দায়িত্ব ও কর্তব্য ইত্যাদি

ধারা ৪। পুলিশ অফিসারের দায়িত্ব ও কর্তব্য ৯৯
ধারা ৫। প্রয়োগকারী কর্মকর্তা নিয়োগ ৯৯
ধারা ৬। প্রয়োগকারী কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য ৯৯
ধারা ৭। সেবা প্রদানকারী এবং উহাদের দায়িত্ব ও কর্তব্য ১০০
ধারা ৮। আশ্রয় নিবাসের দায়িত্ব ১০১
ধারা ৯। চিকিৎসা সেবা প্রদানকারীর দায়িত্ব ১০১

### চতুর্থ অধ্যায়

### সংক্ষুব্ধ ব্যক্তির অধিকার, প্রতিকার প্রাপ্তি, ইত্যাদি

ধারা ১০। অংশীদারী বাসগৃহে বসবাসের অধিকার ১০২
ধারা ১১। আদালতে আবেদন ১০২
ধারা ১২। আবেদন দাখিলের স্থান ১০২
ধারা ১৩। অন্তর্বর্তীকালীন সুরক্ষা আদেশ ও নোটিশ জারী ১০২
ধারা ১৪। সুরক্ষা আদেশ ১০৩
ধারা ১৫। বসবাস আদেশ ১০৩
ধারা ১৬। ক্ষতিপূরণ আদেশ ১০৫
ধারা ১৭। নিরাপদ হেফাজত আদেশ ১০৬
ধারা ১৮। বিনা মূল্যে আদেশের অনুলিপি সরবরাহ ১০৭
ধারা ১৯। আদেশের মেয়াদ ও সংশোধন, ইত্যাদি ১০৭

## পঞ্চম অধ্যায়
## আবেদন নিস্পত্তি, বিচার, আপীল, ইত্যাদি


ধারা ২০। আবেদন নিস্পত্তি ১০৭
ধারা ২১। বিচার ১০৮
ধারা ২২। বিচারের কার্যপদ্ধতি ১০৮
ধারা ২৩। নিভৃত কক্ষে বিচার কার্যক্রম ১০৮
ধারা ২৪। সরেজমিনে তদন্ত ১০৮
ধারা ২৫। আদেশ জারি ১০৮
ধারা ২৬। প্রতিপক্ষের অনুপস্থিতিতে বিচার ১০৯
ধারা ২৭। আবেদন খারিজ ১০৯
ধারা ২৮। আপীল ১০৯


## ষষ্ঠ অধ্যায়
## অপরাধ, শাস্তি, ইত্যাদি


ধারা ২৯। আমলযোগ্যতা, জামিনযোগ্যতা এবং আপোষযোগ্যতা ১১০
ধারা ৩০। সুরক্ষা আদেশ লঙ্ঘনের শাস্তি ১১০
ধারা ৩১। সমাজকল্যাণমূলক কাজে সেবা প্রদান ১১১
ধারা ৩২। মিথ্যা আবেদন করিবার শাস্তি


## সপ্তম অধ্যায়
## বিবিধ


ধারা ৩৩। জনসেবক ১১১
ধারা ৩৪। প্রয়োগকারী কর্মকর্তার জবাবদিহিতা ১১১
ধারা ৩৫। এই আইনের বিধানাবলীর অতিরিক্ততা ১১১
ধারা ৩৬। বিধি প্রণয়নের ক্ষমতা ১১১
ধারা ৩৭। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ ১১১

**The Domestic Violence (Prevention and Protection) Act, 2010** 112-129


## পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) বিধিমালা, ২০১৩


বিধি ১। বিধিমালার নাম ১২৯
বিধি ২। সংজ্ঞা ১২৯
বিধি ৩। প্রয়োগকারী কর্মকর্তার নিকট পারিবারিক সহিংসতার তথ্য প্রদান, ইত্যাদি ১২৯
বিধি ৪। প্রয়োগকারী কর্মকর্তার দায়িত্ব ১৩০

বিধি ৫। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা ১৩০

বিধি ৬। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্ব ১৩১

বিধি ৭। পুলিশ অফিসারের দায়িত্ব ১৩১

বিধি ৮। আদালত বরাবর আবেদন করিবার পদ্ধতি ১৩২

বিধি ৯। সুরক্ষা আদেশ লংঘনের বিরুদ্ধে আবেদন ১৩২

বিধি ১০। মন্ত্রণালয়ের দায়িত্ব ১৩২

**ফরম-ক—পারিবারিক সহিংসতার তথ্য বিবরণী** ১৩২

১. সংক্ষুব্ধ ব্যক্তির বিবরণ ঃ ১৩২

২. সংক্ষুব্ধ ব্যক্তির পক্ষে তথ্য প্রদানকারীর বিবরণ (যদি থাকে) ১৩৩

৩. প্রতিপক্ষ সম্পর্কিত তথ্য ঃ ১৩৩

৪. সংক্ষুব্ধ ব্যক্তির সন্তান সম্পর্কিত তথ্য (যদি থাকে) ঃ ১৩৩

৫. পারিবারিক সহিংসতার ঘটনা ঃ ১৩৩

৬. অন্য কোনো আইনে প্রতিকার প্রার্থনা করা হইয়াছে কিনা ঃ ১৩৩

৭. কোন ধরনের সহযোগিতা বা সেবা প্রয়োজন ঃ ১৩৪

৮. সংযুক্তির তালিকা (প্রযোজ্যতা অনুযায়ী) ঃ ১৩৪

**ফরম-খ-রেজিস্টার-কার্যালয়ের নাম ও ঠিকানা ঃ** ১৩৪

ফরম-গ-সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির আবেদন ফরম ১৩৫

ফরম-ঘ-সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কার্যালয়ে সংরক্ষিত তথ্য রেজিস্টার ১৩৬

ফরম-ঙ-থানায় সংরক্ষিত তথ্য রেজিস্টার-থানার নাম ও ঠিকানা ১৩৬

ফরম-চ-আবেদন ফরম ১৩৭

# বাল্য বিবাহ নিরোধ আইন-২০১৭ ১৩৯

# বাল্য বিবাহ নিরোধ বিধিমালা-২০১৮ ১৪৬

**যৌতুক নিরোধ আইন, ২০১৮ (ইংরেজি)--------------১৫৮**

# যৌতুক নিরোধ আইন, ২০১৮

(২০১৮ সনের ৩৯ নং আইন)

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আশ্বিন, ১৪২৫/০১ অক্টোবর, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আশ্বিন, ১৪২৫ মোতাবেক ০১ অক্টোবর, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

**বিবাহের সময় বা তৎপূর্বে বা বৈবাহিক সম্পর্ক বিদ্যমান থাকাকালে যৌতুক গ্রহণ বা প্রদান নিরোধ সংক্রান্ত আইন Dowry Prohibition Act, 1980 রহিতক্রমে উহার বিধানাবলী বিবেচনা করিয়া সময়ের চাহিদার প্রতিফলনে নূতনভাবে আইন প্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু বিবাহের সময় বা তৎপূর্বে বা বৈবাহিক সম্পর্ক বিদ্যমান থাকাকালে যৌতুক গ্রহণ বা প্রদান নিরোধ সংআন্ত আইন Dowry Prohibition Act, 1980 (Act no. XXXV of 1980) রহিতক্রমে উহার বিধানাবলী বিবেচনা করিয়া সময়ের চাহিদার প্রতিফলনে নূতনভাবে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়-

সেহেতু এতদ্দারা নিম্নরূপ আইন করা হইল -

# The Dowry Prohibition Act, 2018

(Act No. XXXIX of 2018)

**NOTIFICATION**

Dated : 21 October 2020

Government of the People's Republic of Bangladesh
Ministry of Law, Justice and Parliamentary Affairs
Legislative and Parliamentary Affairs Division

**S.R.O. No. 278-Law/2020.**—In exercise of the powers conferred by section 11 of the Dowry Prohibition Act, 2018 (Act No. XXXIX of 2018), the Government is Pleased to publish the following English Text of the Act to be called the Authentic English Text of the Act :

An Act to repeal and, in response to the needs of time, make afresh the Dowry Prohibition Act, 1980 related to prohibition of taking or giving dowry at the time of, or before, the marriage or during the existence of marital relationship

WHEREAS it is expedient and necessary to repeal and , in response to the needs of time, make afresh the Dowry Prohibition Act, 1980 (Act No. XXXV of 1980) related to prohibition of taking or giving dowry at the time of, or before, the marriage or during the existence of marital relationship;

THEREFORE, it is hereby enacted as follows :-

**ধারা ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন যৌতুক নিরোধ আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**ধারা ২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে,—

(ক) **"পক্ষ"** অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বিবাহের বর বা কনে অথবা বর বা কনের পিতা-মাতা অথবা বর বা কনের পিতা-মাতার অবর্তমানে বৈধ অভিভাবক অথবা প্রত্যক্ষভাবে বিবাহের সহিত জড়িত বর বা কনে পক্ষের অন্য কোনো ব্যক্তি; এবং

(খ) **"যৌতুক"** অর্থ বিবাহের এক পক্ষ কর্তৃক অন্য পক্ষের নিকট বৈবাহিক সম্পর্ক স্থাপনের পূর্বশর্ত হিসাবে বিবাহের সময় বা তৎপূর্বে বা বৈবাহিক সম্পর্ক বিদ্যমান থাকাকালে, বিবাহ অব্যাহত রাখিবার শর্তে, বিবাহের পণ বাবদ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, দাবিকৃত বা বিবাহের এক পক্ষ কর্তৃক অপর পক্ষকে প্রদত্ত বা প্রদানের জন্য সম্মত কোনো অর্থ-সামগ্রী বা অন্য কোনো সম্পদ, তবে মুসলিম ব্যক্তিগত আইন (শরিয়াহ্) প্রযোজ্য হয় এমন ব্যক্তিগণের ক্ষেত্রে দেনমোহর বা মোহরানা অথবা বিবাহের সময় বিবাহের পক্ষগণের আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব বা শুভাকাঙ্ক্ষী কর্তৃক বিবাহের কোনো পক্ষকে প্রদত্ত উপহার-সামগ্রী ইহার অন্তর্ভুক্ত হইবে না।

**1. Short title and commencement.**—(1) This Act may be called the Dowry Prohibition Act, 2018.

(2) It shall come in to force at once.

**2. Definitions.**—In this Act, unless there is anything repugnant in the subject or context,-

(a) "**Party**" means, for the purposes of this Act, the bride or the bridegroom of the marriage or the parent of the bride or bridegroom or, in the absence of the parent of the bride or the bridegroom, the legal guardian thereof or any other person directly involved in the marriage from the side of the bride or the bridegroom; and

(b) "**Dowry**" means money or any other asset demanded, directly or indirectly, or given or agreed to be given by one party to a marriage to the other party to the marriage, as the consideration for the marriage at the time of, or before, the marriage or during the existence of marital relationship as the precondition of marriage, or on condition of continuing the marriage, but does not include dower or mehr in the case of persons to whom the Muslim Personal Law (Shariat) applies or the presentation given to the either party to a marriage at the time of the marriage by the relatives, friends or well-wishers of the parties to the marriage.

ব্যাখ্যা

**যৌতুক"** অর্থ বিবাহের একপক্ষ কর্তৃক অন্যপক্ষের নিকট বৈবাহিক সম্পর্ক স্থাপনের পূর্বশর্ত হিসাবে বিবাহের সময় বা তৎপূর্বে বা বৈবাহিক সম্পর্ক বিদ্যমান থাকা কালে, বিবাহ অব্যাহত রাখিবার শর্তে, বিবাহের পণ বাবদ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, দাবিকৃত বা বিবাহের একপক্ষ কর্তৃক অপরপক্ষেকে প্রদত্ত বা প্রদানের জন্য সম্মত কোনো অর্থ-সামগ্রী বা অন্য

থাকাকালে, বিবাহ অব্যাহত রাখিবার শর্তে, বিবাহের পণ বাবদ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, দাবিকৃত বা বিবাহের এক পক্ষ কর্তৃক অপর পক্ষেকে প্রদত্ত বা প্রদানের জন্য সম্মত কোনো অর্থসামগ্রী বা অন্য কোনো সম্পদ, তবে মুসলিম ব্যক্তিগত আইন (শরিয়াহ্) প্রযোজ্য হয় এমন ব্যক্তিগণের ক্ষেত্রে দেনমোহর বা মোহরানা অথবা বিবাহের সময় বিবাহের পক্ষগণের আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব বা শুভাকাঙ্ক্ষী কর্তৃক বিবাহের কোনো পক্ষকে প্রদত্ত উপহার-সামগ্রী ইহার অন্তর্ভুক্ত হইবে না। নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০, এর ২(ঞ) ধারায় যৌতুকের সংজ্ঞায় বলা হয়েছে যে, '(অ) কোন বিবাহের বর বা বরের পিতা বা মাতা বা প্রত্যক্ষভাবে বিবাহের সঙ্গে জড়িত বর পক্ষের অন্য কোনো ব্যক্তি কর্তৃক উক্ত বিবাহের সময় বা পূর্বে বা বৈবাহিক সম্পর্ক বিদ্যমান থাকাকালে, বিবাহ স্থির থাকার শর্তে, বিবাহের পণ হিসেবে কনে পক্ষের নিকট দাবিকৃত অর্থ, সামগ্রী বা অন্যবিধ সম্পদ;' অথবা '(আ) কোনো বিবাহের কনে পক্ষ কর্তৃক বিবাহের বর বা বরের পিতা বা মাতা বা প্রত্যক্ষভাবে বিবাহের সঙ্গে জড়িত বর পক্ষের অন্য কোনো ব্যক্তিকে উক্ত বিবাহের সময় বা তৎপূর্বে বা বৈবাহিক সম্পর্ক বিদ্যমান থাকাকালে, বিবাহ স্থির থাকার শর্তে, বিবাহের পণ হিসেবে প্রদত্ত বা প্রদানে সম্মত অর্থ, সামগ্রী বা অন্যবিধ সম্পদসমূহ কে যৌতুক বলা হবে।

**উচ্চ আদালতে যৌতুক বিষয়টিকে কেন্দ্র করে যে রায় প্রদান করা হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য বিষয়গুলো নিম্নরূপ :**

'যৌতুক সম্পত্তি বা মূল্যবান জামানত তখনই যৌতুক হইবে যখন বিবাহের পূর্বে বা বিবাহের সময় দাবি করা হয়। ক্ষতিগ্রস্ত (Victim) মহিলার স্বামী, স্বামীর পিতা মাতা, অভিভাবক বা যে কোনো ধরনের আত্মীয়স্বজন যে কোনো সময় বিবাহের প্রতিদান হিসেবে যৌতুক দাবি করলেও অত্র ধারায় অপরাধ করিয়াছেন।

[৯ বি এল ডি (এইস সি ডি) ৭৩]

**ধারা ২, ৪, ৬-স্বামী কর্তৃক তাহার স্ত্রীকে তাহার বাড়িতে নেওয়ার জন্য ১০০০০ টাকা দাবি যৌতুক কিনা।**

**যৌতুকের ব্যাখ্যা :** ধারা ২ তে দেওয়া হইয়াছে। বিবাহ শুধু উৎসব নয় ইহার উভয়ের মর্যাদার পরিচায়ক-টাকা অথবা মূল্যবান জামানত বিবাহের বিনিময়ে চাওয়া হইলে উক্ত টাকা যৌতুক।

[৪০ ডি এল আর ৩৬০]

আইনসভা খুব সতর্কতার সহিত লক্ষ্য করেন যে, শুধু বিবাহের পূর্বে বা বিবাহের সময় যৌতুক গ্রহণ করা বা সহযোগিতা করাই অপরাধ নহে। কিন্তু বিবাহের পরে যৌতুক চাওয়া হইলেও এই অপরাধের আওতাভুক্ত হইবে।

**[৪৬ ডি এল আর (১৬৯) এডি]**

বিবাহের প্রতিদানে সম্পতি দেওয়া বা দেওয়া হইবে একই মর্মে স্বীকার করাকে যৌতুক বলা হয়। যৌতুক বলিতে গেলে যে কোনো সম্পতি বা মূল্যবান জামানত যাহা দেওয়া হইবে বা প্রত্যয় বা পরোক্ষভাবে দেওয়ার জন্য পক্ষগণের সঙ্গে সম্মতি সৃষ্টি হইয়াছে যাহা, যাহা ক্লজ (ক) এবং (বি)-এর অন্তর্ভুক্ত। তৃতীয়ত যাহা দেওয়া হইয়াছে বা দেওয়া হইবে বলিয়া স্বীকার করিয়াছে এবং যাহা বিবাহের প্রতিদানে বিবাহের পূর্বে বা পরে যখনই দেওয়া হোক না কেন। কোনো সম্পতি বা মূল্যবান জামানত দেওয়া হইবে বা দেওয়ার জন্য বিবাহের চুক্তিবদ্ধ হইয়া থাকিলে তাহা যৌতুক হিসেবে গণ্য হইবে।

**[৩৭ ডি এল আর ২২৭]**

**যৌতুক দাবি করিবার দন্ড (Penalty for demanding dowry)**

'যদি বিবাহের কোনো এক পক্ষ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, বিবাহের অন্য কোনো পক্ষের নিকট কোনো যৌতুক দাবি করেন, তাহা হইলে উহা হইবে এই আইনের অধীন একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ৫ (পাঁচ) বছর কিন্তু অন্যূন ১(এক) বছর কারাদন্ড বা অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন।' (যৌতুক নিরোধ আইন, ২০১৮ এর ধারা-৪)।

**মামলা প্রমাণের দায়িত্ব**

যিনি মামলা দায়ের করেছেন, সেই পক্ষকেই সাক্ষ্য প্রমাণ দ্বারা মামলা প্রমাণ করতে হবে, ব্যর্থতায় আসামিকে খালাস দিতে হইবে। আসামিকে তাহার নির্দোষিতা প্রমাণের আবশ্যকতা নাই।

**(১৯৮৬ বি. এল. ডি (এডি) পৃষ্ঠা-১ মো. খলিল উদ্দিন বনাম রাষ্ট্র মামলার সিদ্ধান্ত)।**

**তালাকের পর যৌতুক মামলা**

যৌতুকের অপরাধ প্রমাণ করতে হলে ঘটনার তারিখ থেকে এক বছর কাল সময়ের মধ্যে যৌতুকের কেস করতে হবে। উক্ত সময় অতিক্রান্তের পর মামলা রুজু করলে তা সম্পূর্ণ বেআইনি হবে এবং ফৌজদারি কার্যবিধির ৫৬১ (এ) ধারামতে বাতিলযোগ্য হবে।